



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৬/ ২৪৪০

তারিখ : ১৫/০১/২০১৬খ্রি.

বিষয় : ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং যুক্তিবিদ্যা বিষয়ের স্বীকৃতি স্থগিতাদেশ প্রত্যাহার পূর্বক স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি


সূত্র : কলেজের স্মারক নং- ৬৫৯, তারিখ : ২০/০৯/২০১৫খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২১/১২/২০১৫ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বাহাদুরপুর নিশিকান্ত গাইন উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাক: বাহাদুরপুর, উপজেলা: আংগৈলঝাড়া, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধির শর্তে ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি এবং যুক্তিবিদ্যা বিষয়ের স্বীকৃতির স্থগিতাদেশ প্রত্যাহার পূর্বক স্বীকৃতির মেয়াদ ০১/০৭/২০১৫ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

### শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে
- ০২। পরবর্তী শিক্ষাবর্ষে উক্ত শাখায় কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে ব্যর্থ হলে উক্ত শাখার স্বীকৃতি বাতিল করা হবে
- ০৩। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
- ০৪। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৬। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ০৮। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ০৯। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

  
১০.০১.১৬


ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

  
১৫/১/১৬

### অধ্যক্ষ

বাহাদুরপুর নিশিকান্ত গাইন উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়

ডাক: বাহাদুরপুর, উপজেলা: আংগৈলঝাড়া

জেলা: বরিশাল

### অনুলিপি

২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা

৩। প্রোগ্রামার, বশিবো (পত্রটি অন-লাইনে প্রচারের জন্য)

৪। সংরক্ষণ নথি